

বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)
১১৬(খ), তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮

স্মারক নং. ৩৬.০৬.০০০০.০০১.০২১.২০১৫/৭৮৯

তারিখঃ ১৪/০৫/২০২০ খ্রিঃ

গবেষণা প্রস্তাব আহ্বান

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০২০কে হালকা প্রকৌশল পণ্যবর্ষ ঘোষণা করেছেন। বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রীর এ ঘোষণা বিশেষ তাৎপর্য বহন করে। হালকা প্রকৌশল পণ্যবর্ষকে সফল করার লক্ষ্যে লাইট ইঞ্জিনিয়ারিং (হালকা প্রকৌশল) খাতের ভূমিকা, চ্যালেঞ্জ ও করণীয় ইত্যাদি বিষয়ে একটি ব্যাপকভিত্তিক অনুসন্ধানী (এক্সপ্লোরেরিভ) তথ্যবহুল গবেষণা করার জন্য আগ্রহী গবেষক/গবেষণা টিম/গবেষণা প্রতিষ্ঠানের নিকট থেকে গবেষণা প্রস্তাব আহ্বান করা হচ্ছে।

শর্তাবলীঃ

ক. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে লাইট ইঞ্জিনিয়ারিং সেক্টরের (হালকা প্রকৌশল খাত) ভূমিকা, এ খাতের অবস্থান, চ্যালেঞ্জ, সমস্যা ও সম্ভাবনা ইত্যাদি বিষয়কে বিবেচনায় নিয়ে গবেষণা প্রস্তাব প্রণয়ন করতে হবে;

খ. আকর্ষণীয় একটি শিরোনামসহ অত্যন্ত সুস্পষ্টভাবে গবেষণার যৌক্তিকতা, গবেষণা পদ্ধতি বা মেথডলজি, সময়াবদ্ধ কর্ম পরিকল্পনা এবং বাজেটের খাতওয়ারী বিভাজন থাকতে হবে;

গ. গবেষণা প্রস্তাবে হালকা প্রকৌশল খাতের কোন কোন পণ্য বা উৎপাদন প্রক্রিয়াকে বিবেচনায় নেয়া হবে, কতসংখ্যক নমুনা নির্বাচন করা হবে, কোন কোন এলাকা কভার করা হবে সেসবের বিস্তারিত বিবরণ থাকতে হবে;

ঘ. গবেষণা প্রস্তাবে কোন তথ্য-উপাত্ত ব্যবহার করা হলে সুস্পষ্টভাবে সেগুলির রেফারেন্স/সূত্র উল্লেখ করতে হবে;

ঙ. গবেষণা কর্মটি ৩১ ডিসেম্বর ২০২০ তারিখের মধ্যে সম্পন্ন করে ৫ কপি প্রতিবেদন জমা দিতে হবে। তবে যৌক্তিক কারণে প্রয়োজনে এ সময় সীমা সর্বোচ্চ ৩মাস পর্যন্ত বর্ধিত করা যেতে পারে। গবেষণা চলমান থাকাবস্থায় সর্বোচ্চ ৪০% পর্যন্ত অগ্রিম অর্থ পরিশোধ করা হবে। গবেষণা প্রতিবেদন জমা দেয়ার পর বিধি মোতাবেক ট্যাক্স/ভ্যাট কর্তন সাপেক্ষে বাকী অর্থ পরিশোধ করা হবে;

চ. গবেষণা প্রস্তাব বাংলায় নিকষ ফন্টে উভয় পৃষ্ঠায় টাইপ/কম্পোজ করে ৫ (পাঁচ) সেট হার্ড কপি ডাক, কুরিয়ার বা হাতে হাতে জমা দেয়া যাবে এবং একই সংগে অনলাইনে সফট কপি জমা দিতে হবে;

ছ. গবেষণা প্রস্তাব জমা দেয়ার শেষ সময় ৩০ জুন ২০২০ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত। তবে করোনা জনিত কারণে অফিসের স্বাভাবিক কাজকর্ম বন্ধ থাকলে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে শুধুমাত্র কভার লেটার ও গবেষণা প্রস্তাবের সফট কপি জমা হতে হবে। অফিসের কাজকর্ম স্বাভাবিক হওয়ার তারিখ থেকে এক সপ্তাহের মধ্যে গবেষণা প্রস্তাবের ৫ সেট জমা দিতে হবে;

জ. গবেষণা প্রস্তাবের শিরোনামহ গবেষক/টিম/প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, পেশা, টেলিফোন, ইমেইল ইত্যাদি তথ্যাবলী পৃথক এক পাতার কভার লেটারে (সীলমোহরসহ স্বাক্ষরযুক্ত) উল্লেখ করতে হবে। কভার লেটারের সঙ্গে প্রত্যেকের এক কপি ছবি, জাতীয় পরিচয় পত্রের কপি, জীবন বৃত্তান্ত (অভিজ্ঞতা, পাবলিকেশন ইত্যাদি তথ্য সম্বলিত) সংযুক্ত করতে হবে;

ঝ. মূল গবেষণা প্রস্তাবের কোথাও গবেষক/টিম/প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, টেলিফোন, ইমেইল ইত্যাদি উল্লেখ করা যাবে না (পক্ষপাতহীন মূল্যায়ন করার নিমিত্ত মূল্যায়ন টিমের নিকট শুধুমাত্র গবেষণা প্রস্তাবের কপি প্রেরণ করা হবে);

ঞ. একটি অভিজ্ঞ বিশেষজ্ঞ প্যানেল দ্বারা গবেষণা প্রস্তাবসমূহ প্রাক মূল্যায়ন এবং চূড়ান্ত মূল্যায়ন করা হবে। গবেষণার জন্য প্রস্তাবিত বাজেটের পরিমাণও মূল্যায়ন কমিটির সুপারিশ মোতাবেক নির্ধারণ করা হবে। তবে গবেষণা প্রস্তাব গ্রহণ ও বাতিলকরণ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/১৪.০৫.২০২০

(আবুল মনছুর আহাম্মদ)

বিটাকের সচিব

dg@bitac.gov.bd

amonsura_2009@yahoo.com